



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ জানুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

## রামগড়ে বিজিবি কর্তৃক দুই ইউপিডিএফ কর্মীকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা আজ ১৬ জানুয়ারী ২০১৮ মঙ্গলবার এক বিবৃতিতে খাগড়াছড়ির রামগড় উপজেলার লাচারি পাড়া থেকে সূজন কান্তি চাকমা ও বাইবাইন মারমা নামে দুই ইউপিডিএফ সদস্যকে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে বিবৃতিতে তিনি বলেন, 'বৈদ্য পাড়া বিজিবি ক্যাম্পের একদল জওয়ান সোমবার ভোর সাড়ে তিনটার দিকে সাথোয়াই প্রু মার্মার বাড়ি থেকে তাদের আটক করে। বিজিবি পরে তাদের হাতে অস্ত্র ও গুলি গুঁজে দিয়ে রামগড় থানায় হস্তান্তর করে।'

আটক সূজন কান্তি চাকমার (৩০), বাড়ি লক্ষ্মীছড়ি উপজেলার বাঘ্যা পাড়া, তার পিতার নামে হেঙেদা চাকমা, আর বাইবাইন মার্মার (৩৬) বাড়ি মানিকছড়ি উপজেলার বাটনাতলীর নোয়া পাড়ায়, তার পিতার নাম পাইবাইন মারমা বলে সচিব চাকমা জানিয়েছেন।

উক্ত দুই ইউপিডিএফ সদস্যকে আটকের ঘটনাকে তিনি অবৈধ ও মৌলিক অধিকারের চরম লঙ্ঘন বলে মন্তব্য করেন এবং অবিলম্বে তাদের নিঃশর্ত মুক্তি দেয়ার ও পাট্রির উপর রাজনৈতিক দমন-পীড়ন, অবৈধ ধরপাকড়, বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।